দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 MAR 1988 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ২ ...

010

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

01 MAR 1988

নং-এস১১/১-৪/৮৮/২৮৬(১০০)-ইডিএন    তাং ২৭-২-১৯৮৮ / ১৪-১১-১৩৯৪

# বিষয়ঃ ১৯৮৮-৮৯ সালে আণ্ডার গ্রাজুয়েট লেভেলে চীনা স্কলারশীপের জন্য আবেদন

নিম্নবর্ণিত বিষয়ের উপর ১৯৮৮-৮৯ সালে আণ্ডার গ্রাজুয়েট লেভেলে চীনা স্কলারশীপের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| বিষয় | পদের সংখ্যা | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|
| কম্পিউটার ইঞ্জিনিয়ারিং | ১ | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ১ম বিভাগসহ গড়ে ৭০% নম্বর থাকতে হবে। |
| কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ২ | |
| মাইনিং ইঞ্জিনিয়ারিং | ২ | |
| ফুড ইঞ্জিনিয়ারিং | ২ | |
| ফাইন আর্টস | ১ | এসএসসিতে ১ম বিভাগসহ ফাইন আর্টসে ডিপ্লোমা থাকতে হবে। |
| এপ্লাইড আর্টস ও ডিজাইন | ১ | |

২। চীনের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাদান পদ্ধতি ও কর্মসূচী অনুসারে শিক্ষাক্রম পরিচালিত হবে। স্টাডির সময়কাল ৪ থেকে ৬ বছর হবে। শিক্ষা শেষে চীনের ইনস্টিটিউট হতে ডিপ্লোমা/সার্টিফিকেট প্রদান করা হবে। প্রকৃত স্টাডি শুরুর আগে প্রার্থীদের চীনা ভাষা শিক্ষা করতে হবে।

৩। ১-১-৮৮ তারিখে প্রার্থীদের বয়স অনূর্ধ ২৫ হতে হবে।

৪। ১৯৮৭ সালের পূর্বে এইচএসসি পাস করা প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৫। ২রা এপ্রিল, ১৯৮৮ তারিখের মধ্যে (প্রকৃত তারিখ পরে জানানো হবে) যোগ্য প্রার্থীদেরকে ঢাকায় অংক, পদার্থবিদ্যা ও রসায়নবিদ্যায় (ফাইন আর্টস ও এপ্লাইড আর্টস ও ডিজাইন ছাড়া) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। ফাইন আর্টসে আবেদনকারীদেরকে দরখাস্তের সাথে তাদের আর্টসের নমুনা হিসেবে (রঙিন ছবি) ৬ (ছয়) কপি নমুনা দাখিল করতে হবে।

৭। বর্ণিত স্কলারশীপের জন্য পরীক্ষা শেষ হবার পর পরই চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ১০ (দশ) কপি পাসপোর্ট আকারের ছবি ঢাকাস্থ চীনা দূতাবাসে জমা দিতে হবে।

৮। চীনে শিক্ষাকালীন থাকা সময়ে একজন ছাত্র মাসিক ভাতা হিসেবে ১৮০ আরবিএম পাবেন। বেতন, ঔষধ, বই, লজিং ও আভ্যন্তরীণ ট্রাভেল বাবদ খরচ চীন সরকার বহন করবেন।

৯। সর্বশেষ ০৭-০৩-৮৮ তারিখের মধ্যে সার্টিফিকেট/মার্কসীট/প্রশংসাপত্রের ২ কপি সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবিসহ নিম্নবর্ণিত তথ্যাদি সমেত সাদা কাগজে দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর বরাবরে অবশ্যই পৌঁছাতে হবে। প্রার্থীগণ বাংলাদেশ সচিবালয়ের রিসিপশন রুম, ২য় গেইটে রক্ষিত কাঠের বাক্সে দরখাস্ত ফেলিতে পারেন।

১০। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল হয়ে যাবে।

১৯৮৮-৮৯ সালের জন্য চীনা স্কলারশীপের জন্য আবেদনপত্র।

১। নাম (বড় অক্ষরে)ঃ
২। পিতার নামঃ
৩। জন্ম তারিখঃ
৪। ৩০-৬-৮৮ তারিখে প্রকৃত বয়সঃ
৫। বর্তমান ঠিকানাঃ
৬। স্থায়ী ঠিকানাঃ
৭। শিক্ষাগত যোগ্যতা
(ক) বোর্ড/প্রতিষ্ঠানের নামসহ পরীক্ষা পাসের নামঃ
(খ) পাসের বছরঃ
(গ) বিভাগঃ
(ঘ) এসএসসি ও এইচএসসিতে প্রাপ্ত নম্বরের গড় শতাংশঃ
৮। যে বিষয়ের জন্য আবেদন করছেনঃ

প্রার্থীর স্বাক্ষর

(টিসি চাকমা)
সিনিয়র সহকারী সচিব

ডিএফপি-(স)২৯১৭/২৭-২
জি—৯৮৩/৮৮